করোনায় একদিনে রেকর্ড ২২ জনের মৃত্যু, নতুন ১৭৭৩ রোগী শনাক্ত

কোভিড-১৯ মহামারীতে আক্রান্ত ও প্রাণহানি দিন দিন বাড়ছে।দেশে গত ২৪ ঘণ্টায় আরও ২২ জনের প্রাণ কেড়ে নিয়েছে করোনাভাইরাস, যা এখন পর্যন্ত একদিনে সর্বোচ্চ মৃত্যুর রেকর্ড।

শুধু তাই নয় একদিনে সর্বোচ্চ সংক্রমণের রেকর্ড হয়েছে।গত ২৪ ঘণ্টায় নতুন করে ১৭৭৩ জনের দেহে করোনা সংক্রমণ ধরা পড়েছে।

বৃহস্পতিবার দুপুরে স্বাস্থ্য অধিদফতরের করোনাভাইরাস বিষয়ক নিয়মিত হেলথ বুলেটিনে এ তথ্য জানানো হয়। বুলেটিন উপস্থাপন করেন অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক (মহাপরিচালকের দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় আরও ২২ জন মারা গেছেন করোনায়। ফলে ভাইরাসটিতে আক্রান্ত হয়ে মোট ৪০৮ জন মারা গেলেন। একই সময়ে করোনায় আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছেন আরও ১ হাজার ৭৭৩ জন, এটিও একদিনে সর্বোচ্চ শনাক্তের রেকর্ড। এতে মোট আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়াল ২৮ হাজার ৫১১ জনে।

করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি এড়াতে সবাইকে স্বাস্থ্য অধিদফতর ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার পরামর্শ-নির্দেশনা মেনে চলার অনুরোধ জানানো হয় বুলেটিনে।

মেহেরপুরের গাংনীতে সাংবাদিকদের পিপিই প্রদান

করলেন- এমপি

গাংনীতে সাংবাদিকদের পিপিই প্রদান করলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

গতকাল বুধবার দুপুরে তাঁর নিজস্ব বাসভবন থেকে ২০ জন সাংবাদিককে এ পিপিই প্রদান করা হয়। পিপিই প্রদানকালে সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, বৈশিক করোনা ভাইরাসের কারণে বিশ্বের বিভিন্ন দেশ আক্রান্তের শিকার হয়েছে। বাংলাদেশও এ থেকে রক্ষা পায়নি। দেশের এ ক্রান্তিকালে কেবলমাত্র প্রশাসনের লোকজন, স্বাস্থ্য কর্মী এবং সাংবাদিকরা ঝুঁকি নিয়ে দেশের অসহায় মানুষের পাশে থেকে নিরলসভাবে কাজ করে চলেছেন।

এরই ধারাবাদিকতায় সাংবাদিকরা সঠিক তথ্য দেশের প্রকৃত চিত্র দর্শক ও পাঠকদের উপযোগী করে তুলে ধরার জন্য সারাক্ষণ মাঠে কাজ করে চলেছেন। সাংবাদিকদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে এমপি সাহিদুজ্জামান খোকন গাংনী উপজেলার সাংবাদিকদের ব্যক্তিগত উদ্যোগে পিপিই প্রদান করেন।

পিপিই পেয়ে সাংবাদিকদের মধ্যে কর্ম চাঞ্চল্য ফিরে এসেছে। পিপিই প্রদানের জন্য এমপি সাহিদুজ্জামানকে অভিনন্দন জানিয়েছে সকল সাংবাদিকরা।

গাংনীতে জমিজমা সংক্রান্ত বিরোধে প্রতিপক্ষের হামলায় মা মেয়েসহ তিনজন আহত

মেহেরপুরের গাংনী উপজেলার বাশবাড়িয়ো উত্তর পাড়ায় জমিজমা সংক্রান্ত বিরোধে প্রতিপক্ষের হামলায় মা মেয়ে সহ তিনজন আহত হয়েছে। গতকাল বুধবার দুপুরে নিজ বাড়ি থেকে তুলে নিয়ে তাদেরকে মারধর করে বলে অভিযোগ ভুক্তভোগীদের।

আহতরা হলেন, বাশবাড়িয়া উত্তরপাড়ার রাইস মিল শ্রমিক মাফিকুলের স্ত্রী আরিফা খাতুন (৪০), বড় মেয়ে লাবনি আক্তার বর্ষা, ও শিশু কন্যা মেঘনা খাতুন (৭)। আহতদের স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

আহত আরিফা খাতুন জানায়, বুধবার দুপুরে বাশবাড়িয়া উত্তর ইউনুছ আলীর ছেলে মুজাম, রুহুলের ছেলে বাবুল, মুন্তাজ ও বেদেনা খাতুন আরিফার বাড়িতে প্রবেশ করে তাকে মারধর করে। আরিফার আত্নচিৎকারে তাকে ঠেকাতে মেয়ে বর্ষা এগিয়ে আসলে তাকেও মারধর করে এসময় শিশু কন্যা মেঘনা এগিয়ে আসলে তাকেও মারধর করা প্রতিপক্ষ মুজামের লোকজন।

স্থানীয়রা তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। আরিফার স্বামী মাফিকুল জানায়, বেশ কয়েকদিন ধরে মুজাম ও রুহুলের লোকজন তাদের ভয়ভীতি দেখাচ্ছেন। তিনি সকালে বাড়ি থেকে রাইসমিলে কাজে আসেলে তার স্ত্রী ও দুই কন্যাকে একা পেয়ে মুজাম ও রুহুলের লোকজন তাদের মারধর করে।
এদিকে স্থানীয়রা এবং মুজাম, রুহুলের ছেলে বাবুল ও বেদেনা জানায়, আরিফা ও তার মেয়েদের কে কেউ মারধর করেনি। তারা তাদের নিজের শরীরে কাদা মেখে মিথ্যা মামলায় ফাঁসানোর চেষ্টা করছে।

বেদেনা জানায়, কয়েকদির আগে আরিফা ও তার লোকজন আমাদের মারধর করলে আমরা গাংনী থানায় অভিযোগ করি। একারনে তারা নিজেদের শরীরে কাদা মেখে মারধরের অভিযোগ করছে। এছাড়াও আরিফার লাঠির আঘাতে রুহুল গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন। গতকাল আমরা আরিফার বিরুদ্ধে থানায় অভিযোগ করায় আজকে সে এধরনের নাটক সাঁজিয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক স্থানীয়রা জানায়, আরিফা বিভিন্ন সময় বিভিন্ন ভাবে অন্যের জমি জোর দখল করতে চাই। দখলে নেয়া জমি টিকিয়ে রাখতে নিজের শরীরে নিজে আঘাত করে অন্যকে মামলায় ফাঁসিয়ে সুবিধা আদায় করে। সে অধিকাংশ প্রতিবেশির নামে মামলা দিয়ে হয়রানি করে আসছে বলেও স্থানীয়দের অভিযোগ।

গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান জানান, এ বিষেয়ে এখনো কেউ অভিযোগ করেনি । অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

আম্পানে প্রাথমিকভাবে ১০ জনের প্রাণহানির খবর

ঘূর্ণিঝড় আম্পানের আঘাতে প্রাথমিকভাবে গতকাল বুধবার পর্যন্ত ১০ জন মারা যাওয়ার তথ্য জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমাজের্ন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম। তবে এর মধ্যে ছয়জনের পরিচয় জানা গেছে।

আজ বৃহস্পতিবার এই তথ্য জানানো হয়েছে। হেলথ ইমাজের্ন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের সহকারী পরিচালক ডা. আয়শা আক্তার প্রথম আলোকে এই তথ্য জানান।

নিহতদের মধ্যে যাদের পরিচয় জানা গেছে তাদের মধ্যে পটুয়াখালীর কলপাড়ায় সৈয়দ শাহ আলম (৫৪) নামে এক স্বেচ্ছাসেবী নৌকাডুবে মারা যান। গাছচাপা পড়ে মারা গেছে একই জেলার গলাচিপার পানপট্টি এলাকার রাশেদ (৫) ও ভোলার চরফ্যাশনের মো.সিদ্দিক ফকির (৭২)। ট্রলারডুবে মারা গেছেন ভোলার বোরহানউদ্দিনের রফিকুল ইসলাম (৩৫)। এ ছাড়া দেয়াল চাপা পড়ে মারা গেছেন পিরোজপুরের মঠবাড়িয়ার শাহজাহান মোল্লা (৫৫)। আর চট্টগ্রামের সন্দ্বীপে সালাউদ্দীন
(১৬) নামে একজন মারা গেছেন।

এ ছাড়া যশোরের চৌগাছায় দুজন, সাতক্ষীরায় একজন ও ঝিনাইদহে একজন মারা গেছেন।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ঊধ্বর্তন এক কর্মকর্তা প্রথম আলোকে বলেন, প্রকৃত ক্ষয়ক্ষতির হিসেব পেতে একটু সময় লাগবে। সব জেলা প্রশাসনের কাছ থেকে তথ্য নিয়ে তারা পূর্ণাঙ্গ তথ্য জানাবেন।

গতকাল বৃহস্পতিবার সারা রাত তাণ্ডব চালানোর পর ঘূর্ণিঝড় আম্পান এখন একেবারেই দুর্বল হয়ে গেছে। আজ বৃহস্পতিবার ভোরের দিকে ঘূর্ণিঝড় আম্পান স্থল নিম্নচাপে পরিণত হয়ে আরও উত্তর–পূর্ব দিকে সরে গেছে। আজ সকালে আবহাওয়া অধিদপ্তরের পরিচালক সামছুদ্দীন আহমেদ প্রথম আলোকে এই তথ্য জানান। সূত্র-প্রথম আলো

চুয়াডাঙ্গায় তৃতীয় লিঙ্গের জনগোষ্টির মাঝে ঈদ উপহার বিতরণ

চুয়াডাঙ্গায় সমাজের পিছিয়ে পড়া তৃতীয় লিঙ্গের জনগোষ্টির মাঝে করোনা ক্রান্তিলগ্ন ও ঈদ উল ফিতর উপলক্ষে শুভেচ্ছা উপহার বিতরণ করা হয়েছে।

গতকাল বুধবার দুপুরে চুয়াডাঙ্গা পুলিশ সুপার কার্যালয়ে তৃতীয় লিঙ্গের জনগোষ্টির মাঝে এ উপহার বিতরণ করা হয়। যুবলীগের কেন্দ্রীয় নেতা হাশেম রেজার সহযোগিতায় এ উপহার সামগ্রী বিতরণ করেন পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার আবু তারেক, মো. কলিমুল্লাহ, কনক কুমার দাস ও যুবলীগ কেন্দ্রীয় নেতা হাশেম রেজা।

এসময় যুবলীগ নেতা হামেশ রেজা বলেন, সমাজের পিছিয়ে পড়া জনগোষ্টি হিসেবে তৃতীয় লিঙ্গের মানুষেরা বরাবরই অবহেলিত থেকেছে। এ কারণে আমরা তাদের পাশে দাঁড়িয়েছি। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে।

পুলিশ সুপার বলেন, চুয়াডাঙ্গার পুলিশ করোনা পরিস্থিতির শুরু থেকেই কর্মহীন মানুষের পাশে রয়েছে। বিভিন্নভাবে সমাজের নানা শ্রেণির মানুষকে সহযোগিতা করে আসছে। এরই ধারাবাহিকতায় আমরা তৃতীয় লিঙ্গের জনগোষ্টির পাশেও দাঁড়িয়েছি।

তেজ হারিয়ে ঘূর্ণিঝড় আম্পান

এখন নিম্নচাপ

রাতে স্থলে আঘাত হানার পর সময়ের সঙ্গে শক্তি হারিয়েছে ঘূর্ণিঝড় আম্পান। তা এখন গভীর স্থল নিম্নচাপে পরিণত হয়েছে।

বৃহস্পতিবার সকালে আবহাওয়া অধিদফতরের ৩৮তম বুলেটিনে বলা হয়েছে, ঝিনাইদহ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় আম্পান আরও উত্তর দিকে অগ্রসর ও দুর্বল হয়ে গভীর স্থল নিম্নচাপ হয়ে সকাল ৯টায় রাজশাহী-পাবনা অঞ্চলে অবস্থান করছিল।। এটি আরও উত্তর-উত্তর পূর্ব দিকে অগ্রসর হয়ে বৃষ্টি ঝরিয়ে দুর্বল হতে পারে।

দুর্বল হয়ে পড়ায় মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহে ১০ নম্বর মহাবিপদ সংকেত নামিয়ে তার পরিবর্তে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

ঘূর্ণিঝড়ের প্রভাবে বাংলাদেশের উপকূলীয় এলাকায় বায়ু চাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে, সাগর উত্তাল রয়েছে। একইসঙ্গে চট্টগ্রাম ও কক্সবাজার সমুদ্রবন্দরের ৯ নম্বর মহাবিপদ সংকেত নামিয়ে ৩ নম্বর স্থানীয় দূরবর্তী সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

বায়ুচাপের তারতম্যের আধিক্য ও অমাবশ্যার প্রভাবে উপকূলীয় জেলা সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, লক্ষ্মীপুর, চাঁদপুর, নোয়াখালী, ফেনী ও চট্টগ্রাম এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ৪-৬ ফুট অধিক উচ্চতর জলোচ্ছ্বাসে প্লাবিত হতে পারে।

সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, লক্ষ্মীপুর, চাঁদপুর, নোয়াখালী, ফেনী ও চট্টগ্রাম এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহে ভারী বর্ষণসহ ঘণ্টায় ৪০-৫৯ কিলোমিটার বেগে দমকা অথবা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ত্রলারকে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।

বুধবার রাতে আঘাত হানা আম্পানে দেশে ৮ জনের মৃত্যু হয়েছে। ভারতে মৃত্যু হয়েছে ১০ জনের। সূত্র-যুগান্তর

কুষ্টিয়ায় গত ২৪ ঘন্টায় নতুন ৩ করোনা রোগী শনাক্ত

কুষ্টিয়ায় গত ২৪ ঘন্টায় নতুন করে ৩ জন করোনা রোগী শনাক্ত হয়েছে। কুষ্টিয়া সিভিল সার্জন অফিস সূত্রে জানা যায়, গতকাল মঙ্গলবার কুষ্টিয়া মেডিকেল কলেজ পিসিআর ল্যাব থেকে কুষ্টিয়ার ৭০ টি নমুনা পরীক্ষার রিপোর্ট পাওয়া গেছে যার মধ্যে ৬৭টি নেগেটিভ ও ৩টি পজেটিভ।

৩ টির মধ্যে একজন কুষ্টিয়া দৌলতপুরের পূর্বেসনাক্ত যার পুনরায় পরীক্ষার (জবঃবং◌ঃ) রিপোর্ট পজেটিভ এসেছে। বাকীঁ দুই জন রোগীর কুষ্টিয়া দৌলতপুর উপজেলার মরিচা ইউনিয়নের কোলদিয়ার গ্রামের বাসিন্দা (১৫ বছর) এবং অপরজন কুমারখালী উপজেলার ছেঁউড়িয়ার বাসিন্দা (৬৬ বছর)।

আক্রান্ত দুইজনই পুরুষ। এই নিয়ে কুষ্টিয়ায় মোট ৩০ জন করোনা রোগী শনাক্ত হল। উপজেলা ভিত্তিক রোগী- দৌলতপুর ১২, ভেড়ামারা ২, মিরপুর ৬, কুষ্টিয়া সদর ৩, কুমারখালী ৬, খোকসা ১।

কুষ্টিয়ায় ঐতুবৃ কেমিক্যাল ওয়ার্কসের পক্ষ থেকে ঈদ বস্ত্র

বিতরণ

কুষ্টিয়ায় ঐতুবৃ কেমিক্যাল ওয়ার্কসের পক্ষ থেকে ঈদ বস্ত্র বিতরণ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেলে কুষ্টিয়া মিলপাড়া এলাকায় এসব ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করেন কুষ্টিয়া শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা।

ঐতুবৃ কেমিক্যাল ওয়ার্কসের উদ্যোগে অত্র এলাকার প্রায় দুই হাজার জনের মাঝে ঈদ সামগ্রী উপহার হিসেবে শাড়ী ও লুঙ্গি বিতরনের ব্যাবস্থা করা হয়।

এসময় উপস্থিত ছিলেন ঐতুবৃ কেমিক্যাল ওয়ার্কসের সন্মানিত ব্যাবস্থাপনা পরিচালক শেখ মোঃ ফজলে করিম খোকা, পৌর ১০ নং ওয়ার্ড কাউন্সিলর গোলাম মোস্তফা লাবলু, ১১ নং ওয়ার্ড কাউন্সিলর আনিস কোরাইসীসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া জেলা প্রশাসকের কুমারখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন

করোনা পরিস্থিতিতে কুষ্টিয়াবাসীকে নিরাপদ রাখতে কুষ্টিয়া জেলা প্রশাসক মোঃ আসলাম হোসেন অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন । গতকাল মঙ্গলবার আকস্মিক ভাবে কুমারখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শনে আসেন তিনি।

পরিদর্শনকালে তিনি হাসপাতালে রোগীদের খোঁজখবর নেন এবং কর্মরত চিকিৎসক ও স্বাস্থ্য সেবা প্রদানকারী কর্মকর্তা কর্মচারীদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

এসময় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ওবাইদুর রহমান, কুমারখালী পৌরসভার মেয়র সামসুজ্জামান অরুন, কুমারখালী ইউএইচএফপিও ডা: আকুল উদ্দিন, কুষ্টিয়া নেজারত ডেপুটি কালেক্টর মুসাব্বিরুল ইসলাম, কুমারখালী সহকারী কমিশনার (ভূমি) মুহাইমিনু আল জিহান ও কুমারখালী অফিসার ইনচার্জ মজিবুর রহমান উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া ভেড়ামারা ইউএনও’র সাঁড়াশি অভিযানে অর্থদন্ড

কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার বাজারে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে দোকান মালিক, মহিলা ক্রেতা সহ বিভিন্ন জনকে ৫৩ হাজার টাকা অর্থদন্ড করা হয়েছে।

করোনা ভাইরাস মোকাবিলায় মানুষকে নিরাপদ রাখতে গতকাল মঙ্গলবার ভেড়ামারা বাজারে উপজেলার সুযোগ্য নির্বাহী অফিসার সোহেল মারুফ এই অভিযান পরিচালনা করেন।

দোকানের শাটার তালাবদ্ধ অবস্থায় অনেক ক্রেতাকে দেখা যায় যার বেশিরভাগ মহিলা। এমতাবস্থায় ১৫ জন মহিলাকে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ৮ হাজার টাকা, একই আইনে বৃষ্টি সু প্যালেস দোকানকে ৩০ হাজার টাকা ও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ মোতাবেক ২ টি দোকানকে ১৫ হাজার টাকা অর্থদণ্ড করেন।

এ সময় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কুষ্টিয়ার সহকারী পরিচালক ও ভেড়ামারা থানা পু্লশি উপস্থিত ছিলেন।

এছাড়াও জেলার বিভিন্ন উপজেলায় ৪৫টি মামলায় ৮০ হাজার টাকা জরিমানা আদায় করেছে প্রশাসন।